

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 17-04-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**ADC Election Counting :**

এডিসি নির্বাচনে আজ ভোট গননা। ১৭টি গননা কেন্দ্রে আর খানিকক্ষণ বাদেই ২৮টি আসনের ভোট গননা করা হবে। রাজ্য নির্বাচন কমিশনের সচিব অনুরাগ সেন গতকাল আকাশবাণীকে জানিয়েছেন, ভোট গননা কেন্দ্রের চারপাশে কড়া নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা শাসকদের নির্দেশ দেওয়া হয়েছে ভারতীয় ন্যায় সংহিতা অনুযায়ী ভোট কেন্দ্রের চারপাশে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের জন্য। রাজনৈতিক দলের কর্মী সমর্থকদের জমায়েতের জন্য নিরাপদ দূরত্ব বজায় রেখে নির্দিষ্ট এলাকা চিহ্নিত করতে বলা হয়েছে। রাজ্য নির্বাচন কমিশনের সচিব বলেছেন, ভোট গননায় প্রথমে পোস্টাল ব্যালোট গোনা হবে, তার অব্যবহিত পরেই ইভিএমের ভোট গননা করা হবে।

\*\*\*\*\*

**Special Bulletin :**

এডিসি নির্বাচনের ভোট গননা উপলক্ষ্যে আজ আকাশবাণী আগরতলার এফ এম উজ্জয়ন্ততে বিশেষ নির্বাচনী সংবাদ সম্প্রচার করা হবে। প্রথমে ককবরকে

দুপুর ২টা ২৫ মিনিট থেকে। এরপর বাংলায় ৩টা ৫৫ মিনিট থেকে বিশেষ নির্বাচনী সংবাদ সম্প্রচার করা হবে।

\*\*\*\*\*

### **DM West :**

এডিসির ভোটে গণনার জন্য মোহনপুর এবং জিরানিয়ায় সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে। গতকাল দুটি গণনাকেন্দ্র পরিদর্শন করে এই কথা জানিয়েছেন পশ্চিম জেলার জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলা শাসক ডাঃ বিশাল কুমার। তিনি জানান, দুটি গণনা কেন্দ্রে চারটি নির্বাচনী কেন্দ্রের ভোট গণনা হবে। দুই গণনা কেন্দ্রেই ত্রিস্তরিয় নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। যথেষ্ট পরিমাণে পুলিশ ও টি.এস.আর. থাকবে গণনা কেন্দ্রের ভেতর ও বাইরে।

\*\*\*\*\*

### **ADC Re-Poll :**

এডিসি নির্বাচনে তিনটি আসনের চারটি ভোট কেন্দ্রে গতকাল শান্তিপূর্ণভাবে পুনরায় ভোট গ্রহণ করা হয়। সিপাহীজলা জেলায় এডিসির পেকুয়ারজলা-জন্মেজয়নর কেন্দ্রের হীরাপুর এস.বি.স্কুল, ধলাই জেলার কুলাই-চাম্পাহাওর কেন্দ্রের ভাটিময়দান এস.বি.স্কুল ও রামদেব ঠাকুর পাড়া ভোটকেন্দ্র, খোয়াই জেলার মহারানীপুর-তেলিয়ামুড়া কেন্দ্রে নন্দকুমার পাড়া জে.বি. স্কুলে পুনরায় ভোট গ্রহণপর্ব অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

### **Parliament-Special Session :**

"নারী শক্তি বন্দন অধিনিয়ম" সংক্রান্ত সাংবিধানিক সংশোধনী নিয়ে আলোচনার জন্য সংসদের বিশেষ অধিবেশনের আজ দ্বিতীয় দিন। গতকাল থেকে এই অধিবেশন শুরু হয়েছে। চলবে আগামীকাল পর্যন্ত। কেন্দ্রীয় আইনমন্ত্রী অর্জুন মেঘওয়াল বিশেষ অধিবেশনের প্রথম দিনে লোকসভায় সংবিধানের একশো একত্রিশতম সংশোধনী বিল, ২০২৬ এবং সীমানা নির্ধারণ বিল, ২০২৬ পেশ করেছেন। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কেন্দ্রশাসিত অঞ্চল আইন (সংশোধনী) বিল, ২০২৬ পেশ করেছেন।

বিলগুলো পেশ করার সময় আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল দিনটিকে ঐতিহাসিক আখ্যা দিয়ে বলেন, সরকার নারীদের রাজনৈতিক ন্যায়বিচারের লক্ষ্যে কাজ করছে। তিনি বলেন, সংবিধানের একশ একত্রিশতম সংশোধনী বিল, ২০২৬, নারীদের সমক্ষমতা নিশ্চিত করবে। ডঃ বি আর আম্বেদকরকে উদ্ধৃত করে শ্রী মেঘওয়াল বলেন, একটি সম্প্রদায়ের অগ্রগতি পরিমাপ করা হয় নারীরা কতটা অগ্রগতি অর্জন করেছেন তার ভিত্তিতে। তিনি বলেন, নারীদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষণ এখন শুধু সময়ের অপেক্ষা। আইনমন্ত্রী বলেন, সারাদেশে নারীদের জন্য সংরক্ষিত আসনের একটি অভিন্ন এবং আইনগতভাবে সামঞ্জস্যপূর্ণ বন্টন বাস্তবায়নের জন্য লোকসভার মোট আসন সংখ্যা বর্তমান সংখ্যার চেয়ে ৫০ শতাংশ বাড়ানো প্রয়োজন হবে। তিনি আরও বলেন যে, এই বৃদ্ধির ফলে লোকসভার নতুন সদস্য সংখ্যা হবে ৮১৫ জন। তিনি বলেন যে, এর মধ্যে ২৭২টি আসন নারীদের জন্য সংরক্ষিত থাকবে।

নারী শক্তি বন্দন অধিনিয়মের সাংবিধানিক সংশোধনী বিলটির উপর আলোচনা করতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের উন্নয়ন এবং নীতি নির্ধারণে নারী শক্তির যথাযথ প্রতিনিধিত্ব সময়ের দাবি।

\*\*\*\*\*

## India and Austria-multiple agreements :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নয়া দিল্লিতে অস্ট্রিয়ার চ্যান্সেলর ড. ক্রিশ্চিয়ান স্টকারের সঙ্গে গতকাল আয়োজিত বৈঠকে দ্বিপাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেছেন। বৈঠকে ভারত ও অস্ট্রিয়া খাদ্য সুরক্ষার বিষয়ে একটি সমঝোতা স্মারক (মোঁ), সামরিক বিষয়ে সহযোগিতার জন্য একটি অভিপ্রায় পত্র (এলওআই) এবং সন্ত্রাসবাদ দমনে যৌথ সক্রিয়তার গোষ্ঠি প্রসঙ্গে একটি অভিপ্রায় পত্রসহ বেশ কয়েকটি চুক্তি ও নথি বিনিময় করেছে। যৌথ সাংবাদিক সম্মেলনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, পরিকাঠামো, উদ্ভাবন এবং স্ফুর্ষায়ী উন্নয়নে ভারত ও অস্ট্রিয়া নির্ভরযোগ্য অংশীদার। ইউরোপের বাইরে প্রথম বিদেশ সফরের জন্য স্টকার ভারতকে বেছে নেওয়ায় শ্রী মোদী আনন্দ প্রকাশ করেন। তিনি আরও বলেন, এই সিদ্ধান্ত শ্রী স্টকারের দূরদৃষ্টি এবং ভারত-অস্ট্রিয়া সম্পর্কের প্রতি তাঁর অঙ্গীকারকে প্রতিফলিত করে। শ্রী মোদী আশা প্রকাশ করেন, তাঁর এই সফর দুই দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি করবে।

\*\*\*\*\*

## Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের পাঁচ জেলাতে ঝড়ো হাওয়া সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.১ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*